# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 13.05.2024** **Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় ৯৬ টি আসনে গড়ে ভোট পড়েছে ৬২ দশমিক ৬/৮ শতাংশ। পশ্চিমবঙ্গের ৮ টি আসনে ভোটদানের হার সবচেয়ে বেশি, ৭৫ দশমিক ৮/৬ শতাংশ।

২) বিক্ষিপ্ত কিছু অশান্তির ঘটনা ছাড়া মোটের ওপর ভোটগ্রহণ পর্ব শান্তিপূর্ণ ছিল বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন।

দুই প্রিসাইডিং অফিসারকে সরিয়ে দেওয়া হয়েছে। গ্রেপ্তার করা হয়েছে ৬৯ জনকে।

৩) বিজেপি বীরভূম, বোলপুর এবং কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের কয়েকটি বুথে পুনর্নির্বাচনের দাবি জানিয়েছে।

৪) সপ্তম দফার লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের সময়সীমা আগামীকাল শেষ হবে।

বাকি দফাগুলির জন্য জমে উঠেছে প্রচার।

৫) সিবিএসই-র দশম ও দ্বাদশ শ্রেণীর পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে।

৬) আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স ও গুজরাট টাইটান্সের মধ্যে ম্যাচটি বৃষ্টির জন্য এখনও শুরু হতে পারে নি।

---

লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় পশ্চিমবঙ্গ সহ ৯-টি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৬-টি আসনে আজ গড়ে ৬২ দশমিক ৬/৮ শতাংশ ভোট পড়ার খবর িলেছে। সন্ধ্যা ৬ টা পর্যন্ত ভোটগ্রহণ চলার কথা থাকলেও অনেক জায়গাতেই তারপরেও ভোটারদের লাইন চোখে পড়ে।

পশ্চিমবঙ্গে ভোটদানের হার সবচেয়ে বেশি। শেষ খবর পাওয়া পর্যন্ত রাজ্যে এই দফায় ভোট পড়েছে ৭৫ দশমিক ৮/৬ শতাংশ। ৮ টি আসনের মধ্যে আবার সবচেয়ে বেশি ভোট পড়েছে বোলপুরে, ৭৮ দশমিক ২/৬ শতাংশ।

এছাড়া রানাঘাটে ৭৭ দশমিক ৪/৬, বর্ধমান পূর্বে ৭৭ দশমিক ৩/৬, কৃষ্ণনগরে ৭৭ দশমিক ২/৯ শতাংশ ভোট পড়ার খবর মিলেছে। বীরভূমে ভোটদানের হার ছিল ৭৫ দশমিক ৪/৫, বহরমপুরে ৭৫ দশমিক ৩/৬, বর্ধমান দুর্গাপুরে ৭৫ দশমিক ০/২ এবং আসানসোলে ৭০ দশমিক ৫/২ শতাংশ।

আজকের ভোটে ১৬ জন মহিলা সহ ৭৫ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারিত হয়েছে।

মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, দু একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ভোটপর্ব মোটামুটি মোটের ওপর শান্তিপূর্ণ ছিল।

বাইট

নির্বাচন কমিশনের কাছে মোট এক হাজার ৭০৫ টি অভিযোগ জমা পড়েছে। তার ভিত্তিতেই গ্রেপ্তার করা হয়েছে ৬৯ জনকে। এদের মধ্যে পূর্ব বর্ধমানে ৫৮, আসানসোল ও রানাঘাটে ৫ জন করে এবং বীরভূমে একজন রয়েছেন।

তৃণমূল কংগ্রেসে ভোট পড়লেও তা বিজেপিতে চলে যাচ্ছিল বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে অভিযোগ করেছেন, সেই প্রসঙ্গে আরিজ আফতাব বলেন, এমন কোনো অভিযোগ তাদের কাছে আসেনি।

---------------------------

মুর্শিদাবাদের বহরমপুর লোকসভা কেন্দ্রের সালারে ১৬৮ নম্বর বুথের প্রিসাইডিং অফিসারকে আজ সরিয়ে দেওয়া হয়। তিনি তৃণমূল কংগ্রেস প্রার্থীদের হয়ে ভোটারদের প্রভাবিত করছিলেন বলে কংগ্রেস, নির্বাচন কমিশনে অভিযোগ জানান।

বীরভূমেও ইলামবাজারের একটি বুথে ভোটারদের প্রভাবিত করার অভিযোগে প্রিসাইডিং অফিসার কোনো ব্যবস্থা না নেওয়ায় নির্বাচন কমিশন তাকে সরিয়ে দিয়েছে। ওয়েবকাস্টিং-এর সময় বিষয়টি নির্বাচন কমিশনের গোচরে আসে।

এদিকে ভোট চলাকালীন জেলার মুরারাইয়ের জাগির গ্রামে নির্বাচনের দায়িত্বে থাকা কেন্দ্রীয় বাহিনীর এক জওয়ানের মৃত্যু হয়েছে। মহেন্দ্র সিংহ নামে ঐ জওয়ানের বাড়ি উত্তরাখন্ডে। মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, জাগরণী পাঠাশালায় ২২৩ নম্বর বুথে কর্তব্যরত মহেন্দ্র সিং হঠাত্ই অসুস্থ বোধ করেন। রামপুরহাট মেডিকেল কলেজে নিয়ে গেলে তাকে মৃত ঘোষণা করা হয়। অত্যধিক গরমে হৃদরোগে আক্রান্ত হয়েই তিনি প্রাণ হারিয়েছেন বলে প্রাথমিক অনুমান।

বীরভূমের ভোট নিয়ে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

বর্ধমান দুর্গাপুরের তানসেন রোডের তিন নম্বর ওয়ার্ডে তৃণমূলের ক্যাম্প অফিস ভেঙে দেওয়ার অবিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। তৃণমূল কংগ্রেসের অভিযোগ, তারা মধ্যাহ্ন ভোজের জন্য বাইরে গেলে বিজেপি আশ্রীত দুষ্কৃতীরা বাইক নিয়ে এসে মহিলাদের ওপর হামলা চালায়, ক্যাম্প অফিসও ভাঙচুর করে। এই ঘটনায় কয়েকজন দলের কয়েকজন মহিলা কর্মী আহত হয়েছেন। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বিরোধী দল অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

বর্ধমান থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

মুর্শিদাবাদের বহরপুর আসনের কিছু এলাকায় বুথ দখল ও ছাপ্পা ভোটের অভিযো পাওয়া গেছে। ঐ আসনের প্রার্থী প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী রাজ্য পুলিশের ভূমিকার সমালোচনা করেন। ঐ কেন্দ্রের ভোট নিয়ে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবোদন।

ভয়েসকাস্ট

কৃষ্ণনগর ও রানাঘাট আসনে বিক্ষিপ্ত কিছু ঘটনার খবর পাওয়া গেলেও মোটের ওপর ভোটগ্রহণপর্ব শান্তিপূর্ণ। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

----------------------------

বিজেপি বীরভূম, বোলপুর এবং কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের কয়েকটি বুথে পুনর্নির্বাচনের দাবি জানিয়েছে। দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য কলকাতায় আজ এক সাংবাদিক সম্মেলনে বলেন, বিস্তারিত রিপোর্ট পাওয়ার পরই পুনর্নির্বাচনের বিষয়টি চূড়ান্ত হবে। শাসকদলের বাধা, পুলিশের অসহযোগিতা এবং কেন্দ্রীয় বাহিনীকে ভুল পথে চালিত করার অভিযোগ তোলেন তিনি। মন্তেশ্বরে দিলীপ ঘোষকে ঘিরে বিক্ষোভ দেখানোর ঘটনার সমালোচনা করে শমীকবাবু বলেন, সংবাদমাধ্যমের প্রতিনিধিদের ওপরেও এই হামলা চালানো হয়। পরিকল্পিতভাবে কেন্দ্রীয় বাহিনীকে ভুল পথে চালিত করা হয় বলেও তাঁর দাবি।

বাইট

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের মুখপাত্র শান্তনু সেন কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে সাধারণ মানুষের ওপর পাল্টা আক্রমণের অভিযোগ করেছেন।

বাইট

এদিকে, চতুর্থ দফায় বহরমপুর  কেন্দ্রের ভোটারদের তৃণমূল কংগ্রেস আশ্রীত দুষ্কৃতীরা ভীতি প্রদর্শন করেছে বলে কংগ্রেসের পক্ষ থেকে নির্বাচন কমিশনে অভিযোগ জানানো হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে পেশ করা ঐ অভিযোগে বলা হয়েছে, মুর্শিদাবাদের সালার ও বারোয়ারে সবচেয়ে বেশি ভীতি প্রদর্শন করা হয়। ভরতপুর এলাকায় বেশকিছু বুথে ছাপ্পা ভোট ও ভোটদাতাদের প্রভাবিত করারও অভিযোগ করা হয়েছে। কমিশনকে তারা অভিযোগগুলি গুরুত্ব সহকারে বিবেচনা ও যথাযথ ব্যবস্থা গ্রহণেরও আর্জি জানিয়েছেন।

---------------------------

রাজ্যের ৮-টি আসনের ভোটপর্ব নিয়ে আজ শুনবেন সংবাদবিভাগের বিশেষ আলোচনা–

“জনমত–২০২৪, চতুর্থ দফার ভোট”।

আলোচনায় অংশ নেবেন রাজনৈতিক বিশ্লেষক বিশ্বনাথ চক্রবর্তী এবং সাংবাদিক সুমন ভট্টাচার্য। সঞ্চালনায় সংযুক্তা সিংহ।

অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত ৮-টা ৫ থেকে গীতাঞ্জলি এবং ১০৭ মেগাহার্টস্ প্রচার তরঙ্গে। সোশ্যাল মিডিয়াতেও সরাসরি শোনা যাবে এই অনুষ্ঠান।

----------------------------

সপ্তম দফার লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে। এই দফায় পশ্চিমবঙ্গের ৯ টি সহ দেশের ৫৭ আসনে ভোটগ্রহন আগামী ১ লা জুন। এরাজ্যের আসনগুলি হলো- দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, কলকাতা উত্তর ও দক্ষিণ, এবং যাদবপুর।

জমা পড়া মনোনয়ন পত্র গুলি পরীক্ষা করে দেখা হবে বুধবার ১৫ই মে। নাম প্রত্যাহারের শেষ দিন শুক্রবার ১৭ই মে।

দমদম লোকসভা বিজেপি প্রার্থী শীলভদ্র দত্ত আজ তাঁর মনোনয়ন জমা দিয়েছেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিও সেই সময় উপস্থিত ছিলেন।

বারাসাতের তৃণমূল কংগ্রেসের ডক্টর কাকলী ঘোষদস্তিদারও আজ প্রার্থীপদ দাখিল করেন।

এদিকে, সপ্তম দফার নির্বাচনে কলকাতা পুলিশের অধীনে পাঁচটি লোকসভা কেন্দ্রের নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ রাখতে ২০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ব্যবহার করা হবে। থাকছে কয়েক হাজার রাজ্য পুলিশ কর্মীও।

----------------------------

লোকসভা ভোটের অন্যান্য দফার জন্য প্রচারাভিযান জোরকদমে চলছে।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বনগাঁয় দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। তাঁর দাবী, বিজেপি ইভিএম এ কারচুপি করার চেষ্টা করছে। ভোট আদায়ের জন্য সীমান্ত এলাকায় বি এস এফ জওয়ানদের কাজে লাগানো হচ্ছে বলে তিনি মন্তব্য করেন। সংশোধিত নাগরিকত্ব আইন সি এ এ-র বিরোধিতা করে তিনি নিঃশর্ত নাগরিকত্বের দাবী জানান। সন্দেশখালির মা বোনদের অসম্মান করার জন্য বিজেপি টাকা খরচ করে চক্রান্ত করছে বলে অভিযোগ করেন তৃণমূল প্রধান।

(বাইট- মুখ্যমন্ত্রী)

এর পর ব্যারাকপুরের দলীয় প্রার্থীর সমর্থনেও একটি জনসভা করেন তিনি।

অন্যদিকে, রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করতেই পুলিশকে ব্যবহার করে সন্দেশখালির প্রতিবাদী মুখদের গ্রেপ্তার করা হয়েছে। বিজেপি তাদের আইনি সহায়তা করবে ও এর প্রতিবাদে আরো বৃহত্তর আন্দোলনে স্থানীয় বাসিন্দারা নামবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। সকালে দমদম লোকসভার বিজেপি প্রার্থীর সমর্থনে রোড শোতে অংশ নেওয়ার আগে পানিহাটিতে সাংবাদিকদের শুভেন্দু বাবু বলেন, ভুয়ো ভিডিও প্রকাশ করার জন্য শাসকদলের নেতারা আগামীদিনে জনরোষের শিকার হবেন।

(বাইট- শুভেন্দু)

পশ্চিম মেদিনীপুরের দাঁতনের তুরকা- তে মধ্যপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার চালান। রথতলা ময়দানে আয়োজিত জনসভায় তিনি, রাজ্যে চাকরী সহ বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতির বিরুদ্ধে সরব হন। যে সরকার মহিলাদের সম্মান করে না, সেই সরকারের ক্ষমতায় থাকা উচিত নয় বলেও মন্তব্য করেন তিনি।

----------------------------

দলীয় কর্মীদের গ্রেপ্তারের প্রতিবাদে সন্দেশখালির কাঠপোল বাজারে এলাকা আজ উত্তপ্ত হয়ে ওঠে। বিকেলে টায়ার জ্বালিয়ে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান বিজেপি মহিলা কর্মী সমর্থকরা।

উল্লেখ্য, ভুয়ো ভিডিও বানিয়ে বিজেপি নেতাদের কালিমালিপ্ত করা এবং দলের নেতাদের মিথ্যা মামলায় ফাঁসানোর প্রতিবাদে গতকাল সন্দেশখালির বিধায়ক সুকুমার মাহাতোর সামনেই দলের নেতা দিলীপ মল্লিক ও তার ঘনিষ্ঠ তাতাই গাইনকে উত্তেজিত মহিলারা মারধোর করে বলে অভিযোগ। ঐ ঘটনায় চার বিজেপি কর্মীকে গ্রেফতার করে পুলিস।এর প্রতিবাদেই আজ বিক্ষোভ শুরু হয়। সন্ধ্যায় পুলিশ টেনে হিঁচড়ে বিক্ষোভকারীদের সরিয়ে দেয়। গোটা এলাকায় ব্যাপক উত্তেজনা রয়েছে।

এদিকে, গ্রেফতার হওয়া চার বিজেপি কর্মীকে আজ বসিরহাট আদালতে তোলা হলে বিচারক ১০ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।

অন্যদিকে, তৃনমূল কংগ্রেসের তরফে আজ সন্দেশখালির কালিনগরে বিধায়ক সুকুমার মাহাতোর নেতৃত্বে তৃণমূল কংগ্রেসের তরফে ধিক্কার মিছিল বের করা হয়

---------------------------

কোচবিহারে তুফানগঞ্জ থানার নাটাবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় সালিশী সভায় এক মহিলাকে মারধরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস নেতার বিরুদ্ধে। মুমতাজ খাতুন নামে চড়ালজানি এলাকার বাসিন্দা ঐ মহিলা গত ৯ তারিখ পারিবারিক বিবাদ নিয়ে সালিশী সভার দ্বারস্থ হন। সেখানে স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতা জাহাঙ্গীর আলম তাকে মারধর করে বলে অভিযোগ। থানায় গিয়ে সুবিচার না মেলায় আজ দু নম্বর পঞ্চায়েতের সামনে ধর্ণায় বসেন মুমতাজ। বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন প্রধান। তবে জাহাঙ্গীরকে দলের কর্মী হিসাবে স্বীকার করেনি তৃণমূল কংগ্রেস।

---------------------------

কেন্দ্রীয় মধ্যশিক্ষা পর্ষদ সিবিএসই-র দশম ও দ্বাদশ শ্রেণীর পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে। দশম শ্রেণীতে পাশের হার ৯৩ দশমিক ৬ শতাংশ, গতবারের তুলনায় যা শূন্য দশমিক ৪/৮ শতাংশ বেশি।

অন্যদিকে দ্বাদশ শ্রেণীতে ৮৭ দশমিক নয় আট শতাংশ পড়ুয়া পাস করেছেন। গতবারের তুলনায় যা দশমিক ছয় পাঁচ শতাংশ বেশী। ১৬ লক্ষ ২১ হাজারেরও বেশি ছাত্রছাত্রী এবার এই পরীক্ষায় বসেছিলেন। এদের মধ্যে ২৪ হাজারেরও বেশি পড়ুয়া ৯৫ শতাংশের বেশি নম্বর পেয়েছে। ১ লক্ষ ১৬ হাজারের বেশি পরীক্ষার্থী পেয়েছেন ৯০ শতাংশের বেশি নম্বর। ছেলেদের তুলনায় মেয়েদের সাফল্যের হার ৬ দশমিক চার শতাংশ বেশী।

প্রতিযোগিতা এড়াতে ১২ ক্লাসের পরীক্ষার জন্য কোন মেধা তালিকা ঘোষণা করা হয় নি।

এদিকে, দশম শ্রেণীতে ২২ লক্ষ ৩৮ হাজারেরও বেশি ছাত্রছাত্রী এবার পরীক্ষায় বসে। এদের মধ্যে ৯৫ শতাংশ বা তার বেশ নম্বর পেয়েছেন ৪৭ হাজার ৯৮৩ জন পড়ুয়া।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, পরীক্ষায় উত্তীর্ন সকল পড়ুয়াদের শুভেচ্ছা জানিয়ে বলেছেন, তাদের কঠোর পরিশ্রম এবং অধ্যবসায় এই সাফল্যের মূলমন্ত্র।

----------------------------

মালদার ইংলিশ বাজার থানার মহদীপুর এলাকায় আজ দুপুরে ভাগীরথীতে স্নান করতে নেমে ডুবে গিয়ে দুই বন্ধুর মৃত্যু হয়েছে। দীর্ঘ খোঁজাখুঁজির পর প্রথমে দেবাশিস মন্ডল ও পরে প্রেম কুমার নামে ঐ দুজনের দেহ উদ্ধার হয়। দ্বাদশ শ্রেণীর এই দুই ছাত্রের বয়স ১৮। তাদের বাড়ি রামনগর এলাকায় বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন।

----------------------------

আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে আজ আইপিএল ক্রিকেটে কলকাতা নাইটরাইডার্স ও গুজরাট টাইটান্সের মধ্যে ম্যাচটি বৃষ্টির কারণে এখনও শুরু হতে পারে নি। খেলা শুরুর নির্ধারিত সময়ের আগেই বৃষ্টির জন্য টস হয়নি।

---------------------------- ----------------------------